



ঢাকা বিশ্ববিদ্যালয়: ফিন্যান্স বিভাগের একটি স্থায়ী সহকারী অধ্যাপকের শূন্য পদ এবং ০২ টি স্থায়ী প্রভাষকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হইতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। উক্ত পদ পূরণের ফলে তাৎক্ষণিকভাবে সৃষ্ট শূন্য পদের স্থলে আরও ০৩ জন অস্থায়ী প্রভাষক নিয়োগ করা যাইতে পারে। বেতন স্কেলঃ সহকারী অধ্যাপক পদে ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা এবং প্রভাষক পদে ২২,০০০-৫৩,০৬০/- টাকা।

সহকারী অধ্যাপক পদের যোগ্যতা: প্রার্থীদের অবশ্যই ফিন্যান্স বিষয়ে চার বছর মেয়াদী বি.বি.এ এবং এম.বি.এ পরীক্ষায় উভয়টিতে ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৭৫ অথবা কোন বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে সমমানের ডিগ্রী সহ এস.এস.সি এবং এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.২৫ থাকিতে হইবে। কোন বিশ্ববিদ্যালয়ে তাঁহাদের কমপক্ষে তিন বৎসরের শিক্ষাদানের অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ থাকিতে হইবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করিয়া ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। অন্যান্য যোগ্যতা সমান থাকিলে পিএইচডি ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

প্রভাষক পদের যোগ্যতা: প্রার্থীদের অবশ্যই ফিন্যান্স বিষয়ে চার বছর মেয়াদী বি.বি.এ এবং এম.বি.এ পরীক্ষায় উভয়টিতে ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৭৫ সহ এস.এস.সি এবং এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.২৫ থাকিতে হইবে। অন্যান্য যোগ্যতা সমান থাকিলে উচ্চতর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। প্রত্যেক কপি দরখাস্তের সহিত প্রশংসাপত্র, মার্কসিট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করিতে হইবে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ২৮/০৫/২০১৮। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করিতে হইবে।

UNIVERSITY OF DHAKA: Applications in prescribed form, obtainable from the office of the Registrar, are invited from the Bangladeshi nationals for filling up one permanent post of Assistant Professor and two permanent posts of Lecturer in the Department of Finance, University of Dhaka. Three more temporary Lecturers may be appointed if consequential vacancies arise. Pay scale of Tk 35,500-67,010/- for the post of Assistant Professor and Tk 22,000-53,060/- for the post of Lecturer.

QUALIFICATIONS FOR THE POST OF ASSISTANT PROFESSOR: Candidates must have four year B.B.A and M.B.A in Finance with a minimum CGPA of 3.75 out of 4.00 in both B.B.A and M.B.A along with at least GPA of 4.25 out of 5.00 in both S.S.C and H.S.C examinations. They should have at least 03 (three) years of teaching experience in a University and publications in standard journals. Experience and performance as a teacher as well as significant contribution to different areas of University activities specially in guiding the overall educational and co- curricular activities of the students will also be treated as qualification. Other qualifications being equal preference may be given to those who have PhD degree.

QUALIFICATIONS FOR THE POST OF LECTURER: Candidates must have four year B.B.A and M.B.A in Finance with a minimum CGPA of 3.75 out of 4.00 in both B.B.A and M.B.A along with at least GPA of 4.25 out of 5.00 in both S.S.C and H.S.C examinations. Other qualifications being equal preference may be given to those who have higher degrees.

Eight copies of application together with attested copies of certificates, testimonials, mark-sheets and proof of experience along with a Pay Order/Bank Draft of the value of Tk. 750/- (seven hundred fifty) only payable to the Registrar, should reach him on or before 28/05/2018. Candidates already in service must apply through proper channel.